ঝিনাইদহের আব্দুর রউফ ডিগ্রি কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী

ঝিনাইদহ প্রতিনিধি- ঝিনাইদহের আব্দুর রউফ ডিগ্রি কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুরে আব্দুর রউফ ডিগ্রি কলেজ মাঠ প্রাঙ্গনে এ আয়োজন করা হয়। অনুষ্ঠানে ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির সভাপতি ও আব্দুর রউফ ডিগ্রি কলেজ এর সভাপতি এ্যাড. মুন্সি কামাল আজাদ পান্নু এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলাম ঝিনাইদহ জেলা সেক্রেটারী আব্দুল আওয়াল, ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক চেয়ারম্যান আলমগীর হোসেন আলম, সাংগঠনিক সম্পাদক জিয়াউল ইসলাম ফিরোজ, সদর উপজেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল খালেক।

আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাকবাংলা বাজার দোকান মালিক সমিতির সভাপতি আব্দুর রহমান কামাল, সমাজ সেবক ইন্জিনিয়ার কামরুল ইসলাম, সাধুহাটি ইউনিয়ন বিএনপির সভাপতি খলিলুর রহমান, সাগান্না ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আলাউদ্দিন আল মামুন। অনুষ্ঠান পরিচালনা করেন অত্র কলেজের অধ্যক্ষ জে এম রবিউল ইসলাম। আলোচনা শেষে বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করেন অতিথিবৃন্দ।